

QP Code : 18UT13EBG2

স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

দ্বিতীয় পত্র

Bhasatattwa Ebong Chhando O Alonkar : EBG-2

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর

কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

$২০ \times ২ = ৪০$

(ক) মধ্যভারতীয় আর্যভাষার সাধারণ লক্ষণগুলির পরিচয় দিন।

(খ) বাংলা ভাষার উদ্ভব সম্পর্কে আলোচনা করুন।

(গ) উৎস অনুযায়ী কীভাবে বাংলা শব্দভাণ্ডারের শ্রেণিবিন্যাস সম্ভব ?

(ঘ) উদাহরণসহ ধ্বনি পরিবর্তনের কারণগুলি উল্লেখ করুন।

B.A.-11264-W

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

QP Code : 18UT13EBG2 2

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

$১২ \times ৩ = ৩৬$

(ক) বাংলা-য় মান্য উপভাষা কোনটি ? সেটির ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করুন।

(খ) স্বরসঙ্গতি, অভিশ্রুতি, সমীভবন ও ঘোষীভবন — এই চার প্রকার ধ্বনি পরিবর্তন উদাহরণসহ বুঝিয়ে দিন।

(গ) বাংলা ভাষায় সুভাষণরীতি প্রচলনের কারণ বিশ্লেষণ করুন।

(ঘ) মিশ্রবৃত্ত ছন্দরীতির যে-কোনো একটি স্তবক বিশ্লেষণে তার যতিচিহ্ন, মাত্রারীতি, পর্ব ও চরণ বৈশিষ্ট্য চিহ্নিত করুন।

(ঙ) টীকা লিখুন : অমিত্রাক্ষর ছন্দ।

(চ) সংশ্লেষ ও বিশ্লেষ বলতে কী বোঝেন ?

৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) :

$৬ \times ৪ = ২৪$

(ক) কাব্যশরীরে শব্দালংকার এবং অর্থালংকারের প্রয়োজনীয়তা কোথায় ?

B.A.-11264-W

3 QP Code : 18UT13EBG2

- (খ) উপমানের চেয়ে উপমেয়, উৎকৃষ্ট বা অপকৃষ্ট হলে, সেক্ষেত্রে কোন্ অলংকার প্রযোজ্য ? একটি করে উদাহরণ দিয়ে উভয় ক্ষেত্রে বিষয়টি বুঝিয়ে দিন।

$$১ + ২ \frac{১}{২} + ২ \frac{১}{২}$$

- (গ) উৎপ্রেক্ষা কয়প্রকার ও কী কী ? উভয় অলংকারের পার্থক্য চিহ্নিত করুন।

$$১ + ২ + ৩$$

- (ঘ) কলাবৃত্ত রীতির ছন্দকে অমূল্যধন কেন 'ধ্বনিপ্রধান' নামকরণ করেছিলেন ?

- (ঙ) সাধু ও চলিতভাষায় ক্রিয়াপদ ও সর্বনাম ব্যবহারের তিনটি করে উদাহরণ দিন।

$$৩ \times ২$$

- (চ) একটি মালোপমা অলংকারের উদাহরণ দিন। প্রসঙ্গত, অলংকারটির এহেন নামকরণের যৌক্তিকতাটি স্পষ্ট করুন।

$$২ + ৪$$

- (ছ) প্রতিটি অনুপ্রাসের একটি করে উদাহরণ দিন।

- (জ) টীকা লিখুন : চতুর্দশপদী কবিতা।
